# মেটলাইফ ডিপজিটরস প্রটেকশন স্কিম

## নিরাপদ ভবিষ্যতের নিশ্চয়তার জন্য বীমা পলিসি




MetLife

জীবনের পথে চলি একসাথে

# মেটলাইফ ডিপজিটরস প্রটেকশন স্কিম

## নিরাপদ ভবিষ্যতের নিশ্চয়তার জন্য বীমা পলিসি

আমরা জীবনে সাফল্য চাই; চাই নিজের এবং পরিবারের প্রত্যেকের জীবনের সুরক্ষা নিশ্চিত করতে। কিন্তু জীবনে চলার পথে সাফল্যের পাশাপাশি নানারকম ঝুঁকিও চলে আসে এবং আপনাকে ঝুঁকির এই অনিশ্চিত এবং অপ্রত্যাশিত চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রস্তুত থাকতে হয়। আমরা বুঝি, জীবনে চলার পথে অনাকাঙ্ক্ষিত ঘটনাগুলোর জন্য আপনার প্রস্তুতির প্রয়োজন। অপ্রত্যাশিত পরিস্থিতি মোকাবেলার জন্য আপনার দরকার একটি সহজ এবং সাশ্রয়ী আর্থিক প্ল্যান যা আপনার বর্তমানকে করবে দুশ্চিন্তা মুক্ত আর অজানা ভবিষ্যতের মুখোমুখি হওয়ার জন্য প্রস্তুত।

মেটলাইফ আপনার জন্য নিয়ে এসেছে "**মেটলাইফ ডিপজিটরস প্রটেকশন স্কিম**" যা আপনার জীবনের নানা প্রত্যাশা পূরণে সহায়তা করবে এবং আপনার পরিবারকে আর্থিক সুরক্ষা দিবে। আপনার বর্তমানকে শুধু সুরক্ষিত রাখাই নয়, আপনার জীবনযাত্রার মান বজায় রাখতে এবং আপনার পরিবারের ভবিষ্যতকে আর্থিকভাবে সুরক্ষিত রাখতে এটি হতে পারে আপনার জন্য একটি সঠিক বীমা পলিসি।

### প্রয়োজন মাফিক ৪টি ভিন্ন প্ল্যান

আপনার বীমা চাহিদা পূরণের জন্য, আপনি পাচ্ছেন ৪ টি ভিন্ন প্ল্যান থেকে পছন্দ অনুযায়ী প্ল্যান বেছে নেয়ার সুবিধা।

| প্ল্যান এবং সুবিধাসমূহ | প্লাটিনাম | গোল্ড | সিলভার | ব্রোঞ্জ |
|---|---|---|---|---|
| জীবনবীমা নিরাপত্তা | √[১] | √[১] | √[১] | √[২] |
| দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা নিরাপত্তা | √ | √ | √ | √ |
| মেয়াদপূর্তি মূল্য | √ | √ | √ | √ |
| মারাত্মক অসুস্থতার ক্ষেত্রে বীমা সুবিধা | √ | √ | | |
| অক্ষমতায় প্রিমিয়াম মওকুফের বীমা সুবিধা | √ | √ | | |
| হাসপাতালে থাকাকালীন বীমা সুবিধা | √ | | | |

১। কোনো বকেয়া না থাকলে, মৃত্যুকালে অ্যাকাউন্ট ভ্যালু অথবা ফেস অ্যামাউন্টের মধ্যে যেটি বেশি সেটি প্রদান করা হবে।
২। কোনো বকেয়া না থাকলে, মৃত্যুকালে অ্যাকাউন্ট ভ্যালু অথবা পরিশোধিত প্রিমিয়ামের মধ্যে যেটি বেশি সেটি পরিশোধ করা হবে।

- **জীবনবীমা নিরাপত্তা:** প্লাটিনাম, গোল্ড এবং সিলভার প্ল্যানের ক্ষেত্রে কোন কারনে বীমাকৃত ব্যক্তির স্বাভাবিক মৃত্যু হলে, ফেস অ্যামাউন্টের সম্পূর্ণ অঙ্ক প্রদান করা হবে। ফেস অ্যামাউন্ট হচ্ছে আপনার বেসিক প্ল্যানের বার্ষিক প্রিমিয়াম এবং বীমার মেয়াদের গুণফল। মৃত্যুর সময়ে যদি অ্যাকাউন্ট ভ্যালু ফেস অ্যামাউন্টের চেয়ে বেশি হয়, তবে কোম্পানির কাছে কোন দায় থাকলে তা বাদে অ্যাকাউন্ট ভ্যালু প্রদান করা হবে। ব্রোঞ্জ প্ল্যানের ক্ষেত্রে অ্যাকাউন্ট ভ্যালু অথবা বেসিক প্ল্যানের জন্য প্রদত্ত প্রিমিয়াম/প্রিমিয়ামসমূহ এর মধ্যে যে অঙ্কটি বেশি তা থেকে কোম্পানির কাছে কোন দায় থাকলে তা বাদে বাকি অঙ্কটি প্রদান করা হবে।

- **দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা সুবিধা:** দুর্ঘটনাজনিত কারণে মৃত্যু বা স্থায়ী ও পূর্ণাঙ্গ অক্ষমতার ক্ষেত্রে ফেস অ্যামাউন্টের দ্বিগুণ পরিমাণ অর্থ অথবা ৪ কোটি টাকা যে অঙ্কটি কম তা প্রদান করা হবে। দুর্ঘটনাজনিত অঙ্গচ্ছেদের ক্ষেত্রে ক্ষতির ধরন ও ব্যপকতার ওপর নির্ভর করে ফেস অ্যামাউন্টের দ্বিগুণ পর্যন্ত অর্থ অথবা ৪ কোটি টাকা যে অঙ্কটি কম তা দেওয়া হতে পারে।

- **মেয়াদপূর্তি মূল্য:** পলিসির মেয়াদ শেষে মেয়াদপূর্তি মূল্য হবে অ্যাকাউন্ট ভ্যালুর ১০০% এর সমান তবে কোম্পানির কাছে কোন দায় থাকলে তা অ্যাকাউন্ট ভ্যালু থেকে বাদ দেওয়া হবে।

- **মারাত্মক অসুস্থতার ক্ষেত্রে বীমা সুবিধা:** পলিসি চলাকালীন সময়ে নিম্ন তালিকাভুক্ত অসুস্থতায় আক্রান্ত হলে অথবা অস্ত্রোপচার করালে ফেস অ্যামাউন্টের ৫০% অথবা ১০০% (বীমাকৃত ব্যক্তির বয়স, পলিসির মেয়াদ এবং পছন্দ অনুযায়ী) আর্থিক সুবিধা প্রদান করা হবে। নিচে উল্লিখিত মারাত্মক অসুস্থতার বিস্তারিত বিবরণ পলিসি ডকুমেন্টে আছে। মারাত্মক অসুস্থতার ক্ষেত্রে এই আর্থিক সুবিধার পরিমাণ সর্বোচ্চ ৪০,০০,০০০ টাকা পর্যন্ত হতে পারে।

| | |
|---|---|
| ১. স্ট্রোক | ৫. মস্তিষ্কের ঝুঁকিবিহীন টিউমার |
| ২. ক্যানসার | ৬. হৃৎপিন্ডের ধমনির অন্যান্য গুরুতর রোগ |
| ৩. প্রথমবার হার্ট অ্যাটাক | ৭. হৃৎপিন্ডের ভাল্বের অস্ত্রোপচার/প্রতিস্থাপন |
| ৪. হৃৎপিন্ডের ধমনিতে অস্ত্রোপচার | ৮. ফুসফুসীয় পালমোনারী আর্টারিয়াল হাইপারটেনশন (প্রাথমিক) |

- **অক্ষমতায় প্রিমিয়াম মওকুফের বীমা সুবিধা:** অসুস্থতা বা দুর্ঘটনার কারণে স্থায়ী ও পূর্ণাঙ্গ অক্ষমতার শিকার হলে বীমার বাকি মেয়াদকালের জন্য প্রিমিয়াম মওকুফ করা হবে।

- **হাসপাতালে থাকাকালীন বীমা সুবিধা:** অসুস্থতা বা দুর্ঘটনাজনিত কারণে হাসপাতালে চিকিৎসাধীন থাকাকালীন সময়ে বীমাকৃত ব্যক্তি দৈনিক একটি নির্দিষ্ট পরিমাণে হাসপাতালের খরচ পাবেন। এই খরচ প্রতিবার হাসপাতালে ভর্তির ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ দিনের জন্য এবং পলিসির মেয়াদ জুড়ে সর্বমোট ৩৬০ দিনের জন্য প্রদান করা হবে, এমনকি বিনা মূল্যে চিকিৎসা গ্রহণ করলেও এই সুবিধাটি প্রযোজ্য হবে। এক্ষেত্রে দৈনিক সুবিধার পরিমাণ মূল ফেস অ্যামাউন্টের ০.৫%, অথবা সর্বোচ্চ ২০,০০০ টাকা এ দুটির মধ্যে যেটি কম সেটি প্রদান করা হবে।

## ভ্যালু অ্যাডেড সার্ভিস

**360হেলথ “প্রিমিয়াম” সার্ভিস:** প্রতিদিনের স্বাস্থ্য সুরক্ষায় ও জটিল অসুস্থতা নিয়ন্ত্রণে এবং প্রতিরোধে 360হেলথ এর স্বাস্থ্য সম্পর্কিত সার্ভিস নিয়ে মেটলাইফ আছে আপনার পাশে আছে, আজও কালও। আর এই সার্ভিসগুলো আমাদের “**মেটলাইফ ডিপজিটরস প্রটেকশন স্কিম**” এর প্লাটিনাম প্ল্যানের গ্রাহকগণ পাচ্ছেন একদম ফ্রিতে। এই প্ল্যানের সাথে প্লাটিনাম গ্রাহকদের জন্য 360হেলথ এর সকল প্রিমিয়াম সার্ভিসেস যেমন ডক্টর ভিডিও কল, অডিও কল এবং ডক্টর চ্যাট সুবিধাসহ অন্যান্য আরও অনেক স্বাস্থ্য সম্পর্কিত ফিচার একদম ফ্রি। এছাড়াও গোল্ড প্ল্যানের গ্রাহকগণ যাদের নুন্যতম ফেস অ্যামাউন্ট ৫,০০,০০০ টাকা তারা ও 360হেলথ এর সকল প্রিমিয়াম সার্ভিসেস উপভোগ করতে পারবেন। অন্যান্য মেটলাইফ এবং নন-মেটলাইফ গ্রাহকরাও এই অ্যাপটির কিছু ফ্রি সুবিধা এখনই উপভোগ করতে পারবেন। অ্যাপটি গুগল প্লে স্টোর থেকে ডাউনলোড করতে নিচের QR কোডটি স্ক্যান করুন-



**মেডিক্যাল এবং ডায়াগনস্টিক সেবায় ছাড়:** আপনি পাবেন অসংখ্য হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার থেকে বিভিন্ন মেডিক্যাল এবং ডায়াগনস্টিক সেবা গ্রহণের সময় সর্বোচ্চ ৪০% পর্যন্ত বিশেষ ছাড়। এই সুবিধার আওতাধীন ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার সমূহের লিস্টটি দেখতে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন-
www.metlife.com.bd/support/life-card/life-card-discount-providers-list/

## এক নজরে এই পলিসিটি

| | | |
|---|---|---|
| **প্ল্যান সমূহ** | প্লাটিনাম, গোল্ড, সিলভার এবং ব্রোঞ্জ | |
| **আবেদন করার বয়স** | সর্বনিম্ন: ১৮ বছর | সর্বোচ্চ: ৫৪ বছর |
| **প্ল্যানের মেয়াদ পূর্তির বয়স** | সর্বোচ্চ: ৭৪ বছর | |

| | | |
|---|---|---|
| **প্রিমিয়ামের পরিমাণ** | **সর্বনিম্ন (বার্ষিক / অর্ধ-বার্ষিক /ত্রৈমাসিক /মাসিক):**<br>প্লাটিনামের জন্য: ৬০,০০০ টাকা/ ৩০,০০০ টাকা/ ১৫,০০০ টাকা/ ৫,০০০ টাকা<br>গোল্ড, সিলভার ও ব্রোঞ্জের জন্য: ২৪,০০০ টাকা/ ১২,০০০ টাকা/ ৬,০০০ টাকা/ ২,০০০ টাকা | |
| **হাসপাতালে থাকাকালীন বীমা সুবিধা** | **সর্বোচ্চ:** দৈনিক ২০,০০০ টাকা | |
| **মারাত্মক অসুস্থতার ক্ষেত্রে বীমা সুবিধা** (শুধু প্লাটিনাম এবং গোল্ড প্ল্যানের জন্য প্রযোজ্য) | **সর্বোচ্চ:** ৪০,০০,০০০ টাকা | |
| **দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা সুবিধা** | **সর্বোচ্চ:** ৪ কোটি টাকা | |
| **বীমার মেয়াদ** | **সর্বনিম্ন:** ৭ বছর | **সর্বোচ্চ:** ২০ বছর |
| **প্রিমিয়ামের ধরন** | বার্ষিক / অর্ধ-বার্ষিক /ত্রৈমাসিক /মাসিক | |
| **ফেস অ্যামাউন্ট** | **সর্বনিম্ন:**<br>প্লাটিনামের জন্য: ৪,২০,০০০ টাকা<br>গোল্ড, সিলভার ও ব্রোঞ্জের জন্য: ১,৬৮,০০০ টাকা | **সর্বোচ্চ:** গ্রাহক যেকোনো পরিমাণ বীমা সুবিধার জন্য আবেদন করতে পারবেন তবে ব্যক্তির সর্বোচ্চ অনুমোদনযোগ্য পরিমাণ কোম্পানির অবলিখন নীতিমালা সাপেক্ষে নির্ধারিত হবে। |
| **অপেক্ষমান সময়** | জীবনবীমা নিরাপত্তা এবং দুর্ঘটনাজনিত অতিরিক্ত সুবিধা পলিসি কার্যকর হওয়ার তারিখ বা সর্বশেষ বীমা পুনর্বহালের তারিখ এর মধ্যে যেটি পরে, সেদিন থেকেই শুরু হবে। তবে মারাত্মক অসুস্থতায় বীমা সুবিধার ক্ষেত্রে ১৮০ দিন এবং অসুস্থতার কারণে হাসপাতালে থাকাকালীন বীমা সুবিধার ক্ষেত্রে ৩০ দিন অপেক্ষমান সময় প্রযোজ্য হবে। দুর্ঘটনার কারণে হাসপাতালে থাকাকালীন বীমা সুবিধার ক্ষেত্রে কোনও অপেক্ষমান সময় প্রযোজ্য হবে না। | |
| **ঋণ সুবিধা** | আপনি পলিসির অধীনে ঋণের জন্য আবেদন করতে পারবেন যার পরিমাণ নেট নগদ প্রত্যর্পণ মূল্যের সর্বোচ্চ ৮৫% পর্যন্ত হতে পারে। | |
| **আয়কর রেয়াত** | বাংলাদেশের আইন অনুযায়ী আপনি আয়করের প্রযোজ্য কর ছাড়/অব্যহতি/সুবিধার জন্য মনোনীত হবেন যা সময়ের সাথে পরিবর্তিত হতে পারে। বিস্তারিত জানতে আপনি আপনার আয়কর উপদেষ্টার পরামর্শ নিন। | |

**সারেন্ডার /প্রত্যর্পণ চার্জ**

- যদি পলিসিটি প্রথম ৫ বছরের মধ্যে প্রত্যর্পিত হয় তবে প্রত্যর্পণ ব্যয় প্রযোজ্য হবে। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে প্রদেয় প্রিমিয়ামের চেয়ে প্রত্যর্পণ মূল্য কম হতে পারে। মেয়াদপূর্তির পূর্বে পলিসি প্রত্যর্পণ করা হলে নিম্নলিখিত চার্জ প্রযোজ্য হবে–

| পলিসি বছর | প্রত্যর্পণ জনিত চার্জ (অ্যাকাউন্ট ভ্যালুর শতাংশ) |
|---|---|
| ১ | ১০০ |
| ২ | ৫০ |
| ৩ | ২৫ |
| ৪ | ১৫ |
| ৫ | ১০ |
| ৬ এবং তদূর্ধ্ব | শুন্য |

- এছাড়া প্রত্যর্পণের ক্ষেত্রে ৩০০ টাকা প্রক্রিয়াকরণ ফি হিসেবে প্রযোজ্য হবে।

**প্রিমিয়াম চার্জ**

- প্রিমিয়াম সম্পর্কিত ব্যয়গুলি নিম্নলিখিত হারে আপনার মূল প্রিমিয়াম থেকে কেটে নেয়া হবে–

| পলিসি বছর | ব্যয় (প্রিমিয়ামের শতাংশ) | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মেয়াদ | | | | | | |
| | ৭ বছর | ৮-৯ বছর | ১০ বছর | ১১ বছর | ১২-১৪ বছর | ১৫-১৯ বছর | ২০ বছর |
| ১ | ২৫% | ৩০% | ৩৫% | ৩৫% | ৪০% | ৫০% | ৫৫% |
| ২ | ১০% | ১০% | ১০% | ১৫% | ১৫% | ১৫% | ১৫% |
| ৩ | ১০% | ১০% | ১০% | ১০% | ১০% | ১০% | ১০% |
| ৪ এবং ৫ | - | - | - | ৫% | ৫% | ৫% | ৫% |
| ৬ | - | - | - | - | - | - | - |

- প্রশাসনিক এবং ব্যবস্থাপনা খরচ বাবদ প্রতি মাসে ৫০ টাকা প্রযোজ্য হবে।
- আপনার বয়স এবং পছন্দমাফিক বীমা নিরাপত্তার উপর ভিত্তি করে মাসিক বীমা খরচ প্রযোজ্য হবে।
- আপনার বিনিয়োগলব্ধ আয় থেকে বিনিয়োগ সম্পর্কিত খরচগুলো প্রযোজ্য হবে ।

**অতিরিক্ত সময়**

প্রিমিয়াম প্রদেয় তারিখে যদি  অ্যাকাউন্ট ভ্যালু মাসিক চার্জ কর্তনের জন্য অপর্যাপ্ত হয় তাহলে কোম্পানি এই প্ল্যানের আওতায় আপনার বকেয়া প্রিমিয়াম পরিশোধের জন্য আপনাকে ৩১ দিনের একটি অতিরিক্ত সময় প্রদান করবে। অতিরিক্ত সময়ে বীমাদাবির ক্ষেত্রে, কোম্পানীর কাছে কোনও দায় থাকলে তা বীমাদাবি থেকে বাদ দেওয়া হবে।

| নিরাপত্তার অবসানের সময় | মারাত্মক অসুস্থতার ক্ষেত্রে আর্থিক সুবিধা এবং প্রিমিয়াম মওকুফের সুবিধা ৬০ বছর বয়সে অবসান হবে । হাসপাতালে থাকাকালীন বীমা সুবিধার মেয়াদকাল মূল বীমা প্ল্যানের মেয়াদকালের সমান হবে অথবা সর্বোচ্চ ১২ বছর হবে। তবে এ মেয়াদকাল সর্বোচ্চ মেয়াদোত্তীর্ণের বয়স ৬০ বছর এর উপর নির্ভর করে। দুর্ঘটনাজনিত অতিরিক্ত সুবিধা ৬৫ বছর বয়সে অবসান হবে। |
|---|---|

## একটি সচিত্র উদাহরণ

এই আঙ্কিক উদাহরণ এবং টেবিলের মাধ্যমে, নির্দিষ্ট কিছু মাপকাঠি ধরে "**মেটলাইফ ডিপজিটরস প্রটেকশন স্কিম**" এর আর্থিক সুবিধাদির একটি সারসংক্ষেপ তুলে ধরা হয়েছে। উদাহরণস্বরূপ আপনি নিচের টেবিলটি দেখতে পারেন যেখানে এই পলিসির সুবিধা সমূহ এবং প্রক্ষেপিত মেয়াদপূর্তির মূল্য সমূহ দেখানো হলো । টেবিলে প্রদর্শিত উদাহরণ সমূহ চারটি ভিন্ন মেয়াদের জন্য দেখানো হয়েছে- ৭, ১০, ১৫ এবং ২০ বছরের জন্য । বার্ষিক প্রিমিয়াম ৬০,০০০ টাকা ধরা হয়েছে এবং ধরে নেয়া হয়েছে যে পলিসি গ্রহিতা নিয়মিত বার্ষিক ভিত্তিতে প্রিমিয়াম পরিশোধ করবেন । উদাহরণস্বরূপ, অ্যাকাউন্ট ভ্যালুর উপর ৭% ও ৫% ক্রেডিটিং হার ধরে নিচের টেবিলে মেয়াদপূর্তি মূল্য নির্ধারণ করা হয়েছে। (যা সময়ের সাথে পরিবর্তিত হতে পারে)। পলিসি গ্রহিতার বয়স ৩৫ বছর ধরা হয়েছে।

## প্লাটিনাম

| প্লাটিনাম | | | সুবিধাসমূহ | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| মেয়াদ | বেসিক প্রিমিয়াম | রাইডার প্রিমিয়াম | ফেস অ্যামাউন্ট | দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা সুবিধা | মারাত্মক অসুস্থতার ক্ষেত্রে বীমা সুবিধা | হাসপাতালে থাকাকালীন বীমা সুবিধা (মূল ফেস অ্যামাউন্টের ০.৫%) | প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য ৭% ক্রেডিটিং হারে (সি আর) প্রিমিয়াম প্রদানের ধরণ- বার্ষিক | প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য ৫% ক্রেডিটিং হারে (সি আর) প্রিমিয়াম প্রদানের ধরণ- বার্ষিক |
| ৭ | ৪,২০,০০০ | ৫৮,২২৮ | ৪,২০,০০০ | ৮,৪০,০০০ | ৪,২০,০০০ | ২,১০০ | ৪,৯৬,৮২৯ | ৪,৬০,০০০ |
| ১০ | ৬,০০,০০০ | ১,১৬,৪১৩ | ৬,০০,০০০ | ১২,০০,০০০ | ৬,০০,০০০ | ৩,০০০ | ৭,৮৭,৭০৪ | ৭,০৬,৮০৯ |
| ১৫ | ৯,০০,০০০ | ২,২৮,৬৮৭ | ৯,০০,০০০ | ১৮,০০,০০০ | ৯,০০,০০০ | ৪,৫০০ | ১৩,৮২,৮৯৭ | ১১,৭৪,২১৮ |
| ২০ | ১২,০০,০০০ | ৩,৩৬,৭০৮ | ১২,০০,০০০ | ২৪,০০,০০০ | ১২,০০,০০০ | ৬,০০০ | ২২,২৩,০৩৮ | ১৭,৭৪,৯২০ |

## গোল্ড

| গোল্ড | | | সুবিধাসমূহ | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| মেয়াদ | বেসিক প্রিমিয়াম | রাইডার প্রিমিয়াম | ফেস অ্যামাউন্ট | দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা সুবিধা | মারাত্মক অসুস্থতার ক্ষেত্রে বীমা সুবিধা | হাসপাতালে থাকাকালীন বীমা সুবিধা (মূল ফেস অ্যামাউন্টের ০.৫%) | প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য ৭% ক্রেডিটিং হারে (সি আর) প্রিমিয়াম প্রদানের ধরণ- বার্ষিক | প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য ৫% ক্রেডিটিং হারে (সি আর) প্রিমিয়াম প্রদানের ধরণ- বার্ষিক |
| ৭ | ৪,২০,০০০ | ২৪,৭৭৮ | ৪,২০,০০০ | ৮,৪০,০০০ | ৪,২০,০০০ | – | ৪,৯৬,৮২৯ | ৪,৬০,০০০ |
| ১০ | ৬,০০,০০০ | ৩৮,২৩৯ | ৬,০০,০০০ | ১২,০০,০০০ | ৬,০০,০০০ | – | ৭,৮৭,৭০৪ | ৭,০৬,৮০৯ |
| ১৫ | ৯,০০,০০০ | ৭৬,০৮৪ | ৯,০০,০০০ | ১৮,০০,০০০ | ৯,০০,০০০ | – | ১৩,৮২,৮৯৭ | ১১,৭৪,২১৮ |
| ২০ | ১২,০০,০০০ | ১,৩১,২২২ | ১২,০০,০০০ | ২৪,০০,০০০ | ১২,০০,০০০ | – | ২২,২৩,০৩৮ | ১৭,৭৪,৯২০ |

## সিলভার

| সিলভার | | | সুবিধাসমূহ | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| মেয়াদ | বেসিক প্রিমিয়াম | রাইডার প্রিমিয়াম | ফেস অ্যামাউন্ট | দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা সুবিধা | মারাত্মক অসুস্থতার ক্ষেত্রে বীমা সুবিধা | হাসপাতালে থাকাকালীন বীমা সুবিধা (মূল ফেস অ্যামাউন্টের ০.৫%) | প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য ৭% ক্রেডিটিং হারে (সি আর) প্রিমিয়াম প্রদানের ধরণ- বার্ষিক | প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য ৫% ক্রেডিটিং হারে (সি আর)- প্রিমিয়াম প্রদানের ধরণ- বার্ষিক |
| ৭ | ৪,২০,০০০ | - | ৪,২০,০০০ | ৮,৪০,০০০ | - | - | ৪,৯৬,৮২৯ | ৪,৬০,০০০ |
| ১০ | ৬,০০,০০০ | - | ৬,০০,০০০ | ১২,০০,০০০ | - | - | ৭,৮৭,৭০৪ | ৭,০৬,৮০৯ |
| ১৫ | ৯,০০,০০০ | - | ৯,০০,০০০ | ১৮,০০,০০০ | - | - | ১৩,৮২,৮৯৭ | ১১,৭৪,২১৮ |
| ২০ | ১২,০০,০০০ | - | ১২,০০,০০০ | ২৪,০০,০০০ | - | - | ২২,২৩,০৩৮ | ১৭,৭৪,৯২০ |

# ব্রোঞ্জ

| ব্রোঞ্জ | | | সুবিধাসমূহ | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| মেয়াদ | বেসিক প্রিমিয়াম | রাইডার প্রিমিয়াম | ফেস অ্যামাউন্ট | দুর্ঘটনাজনিত অতিরিক্ত বীমা সুবিধা | মারাত্মক অসুস্থতার ক্ষেত্রে বীমা সুবিধা | হাসপাতালে থাকাকালীন বীমা সুবিধা (মূল ফেস অ্যামাউন্টের ০.৫%) | প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য ৭% ক্রেডিটিং হারে (সি আর) প্রিমিয়াম প্রদানের ধরণ- বার্ষিক | প্রক্ষেপিত মেয়াদপূর্তি মূল্য ৫% ক্রেডিটিং হারে (সি আর) প্রিমিয়াম প্রদানের ধরণ- বার্ষিক |
| ৭ | ৪,২০,০০০ | - | অ্যাকাউন্ট ভ্যালু/ পরিশোধিত প্রিমিয়াম | ৮,৪০,০০০ | - | - | ৫,০০,৯৮০ | ৪,৬৩,৮৯৪ |
| ১০ | ৬,০০,০০০ | - | অ্যাকাউন্ট ভ্যালু/ পরিশোধিত প্রিমিয়াম | ১২,০০,০০০ | - | - | ৭,৯৮,২২৩ | ৭,১৬,৩৯৯ |
| ১৫ | ৯,০০,০০০ | - | অ্যাকাউন্ট ভ্যালু/ পরিশোধিত প্রিমিয়াম | ১৮,০০,০০০ | - | - | ১৪,১৬,২২১ | ১২,০৩,২৩৮ |
| ২০ | ১২,০০,০০০ | - | অ্যাকাউন্ট ভ্যালু/ পরিশোধিত প্রিমিয়াম | ২৪,০০,০০০ | - | - | ২৩,০৩,৭৯৪ | ১৮,৪১,৫৭১ |

অন্যান্য বয়স এবং মেয়াদের উদাহরণ দেখতে আমাদের ওয়েবসাইট (www.metlife.com.bd/solutions/savings-investments/illustrations-of-metlife-depositors-protection-scheme/) ভিজিট করুন।

## অনলাইন প্লাটফর্ম

অনলাইনেই পলিসি সম্পর্কিত যাবতীয় তথ্য জানতে ভিজিট করুন আমাদের ওয়েবসাইটের "মাই পলিসি পোর্টালে" (https://eclaims.metlife.com.bd/public/my-policy/#/) অথবা ডাউনলোড করুন 360হেলথ অ্যাপ, পলিসির তথ্য, প্রিমিয়াম পেমেন্ট, ক্লেইম সাবমিশন এবং স্বাস্থ্য সম্পর্কিত সব সেবাই পাচ্ছেন এই অ্যাপের মধ্যে। অ্যাপটি এখনই ডাউনলোড করতে নিচের লিংকটি ব্যবহার করুন-
https://metlifebd.online/360h

## আমি কি এই পলিসিটি ক্রয়ের জন্য উপযুক্ত?

আপনার বয়স যদি ১৮ থেকে ৫৪ বছরের মধ্যে হয় তবে আপনি এই পলিসিটি ক্রয় করতে পারবেন।

## আমি এই পলিসিটি কিভাবে কিনতে পারি?

আপনি নিকটস্থ মেটলাইফ এজেন্সি অফিসে গিয়ে ফিনান্সিয়াল অ্যাসোসিয়েটের সঙ্গে পরামর্শ করতে পারেন অথবা আপনি আপনার আগ্রহের ব্যাপারে আমাদের ওয়েবসাইটে www.metlife.com.bd/find-agent/ গিয়ে জানাতে পারেন। পূরণকৃত প্রস্তাব পত্র ও প্রয়োজনীয় কাগজপত্রসমূহ দাখিল করে প্রথম প্রিমিয়াম জমা দিন। এটি খুবই সহজ একটি প্রক্রিয়া।

## কিভাবে আমি প্রিমিয়াম পরিশোধ করবো?

আপনি যদি এই পলিসিতে আগ্রহী হয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে প্রস্তাব পত্র পূরণ করে প্রথম প্রিমিয়ামের অর্থ পরিশোধ করুন। পরবর্তী প্রিমিয়াম পরিশোধের জন্য প্রিমিয়াম পেমেন্টের মাধ্যমগুলো সম্পর্কে বিস্তারিত জানতে আমাদের ওয়েবসাইট (https://www.metlife.com.bd/support/pay-premium-home/) ভিজিট করুন।

## এই পলিসির অধীনে কিভাবে বীমাদাবি করা যায়?

- আপনার পূরণ করা বীমাদাবি ফরমটি প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে পারেন: ক্লেইমস বিভাগ, আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী (মেটলাইফ বাংলাদেশ), মেটলাইফ বিল্ডিং, ১৮-২০ মতিঝিল বা/এ ঢাকা-১০০০, বাংলাদেশ অথবা আপনি আমাদের নিকটস্থ কাস্টমার টাচ পয়েন্ট/ সেলস অফিসে আপনার পূরণকৃত বীমাদাবি ফরমটি জমা দিতে পারেন।

- মেটলাইফ গ্রাহকগণ এখন অনলাইনেও ক্লেইম সাবমিট করতে পারবেন। অনলাইনে ক্লেইম সাবমিট করতে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন- https://eclaims.metlife.com.bd/public/online/individual-claim-submission

- ক্লেইম সম্পর্কিত ফরম এবং প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা আপনি আমাদের ওয়েবসাইটে পাবেন- (https://www.metlife.com.bd/claims/required-documents/)

- ইমেইল করতে পারেন claimsbangladesh@metlife.com.bd

## দায় অস্বীকারমূলক বিবৃতি

- এই পলিসিটি আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী ('মেটলাইফ') কর্তৃক অবলিখিত এবং সর্বদা পলিসিতে বর্ণিত শর্তাদি ও শর্তাবলীর অধীনে থাকে।

- এই পুস্তিকার তথ্যসমূহ গ্রাহকদের শুধু সাধারণ ধারণা প্রদানের জন্য ব্যবহৃত হয়েছে। এই পুস্তিকায় প্রদর্শিত মূল্যসমূহ শুধু উদাহরণস্বরূপ ব্যবহার করা হয়েছে। শর্তাবলী ও ব্যতিক্রমসমূহ বিস্তারিতভাবে বীমা চুক্তিপত্রে অন্তর্ভুক্ত আছে।

- এই পুস্তিকার তথ্য এবং বীমা চুক্তিপত্রের মধ্যে যেকোনো অসামঞ্জস্যতার ক্ষেত্রে বীমা চুক্তিপত্রটি চূড়ান্ত বলে গণ্য হবে।

- এই পলিসিটি যুক্তরাষ্ট্রে পাওয়া যাবেনা বা যুক্তরাষ্ট্রের ব্যক্তিদের জন্য প্রযোজ্য নয়; এই বক্তব্যের প্রেক্ষিতে একজন যুক্তরাষ্ট্রের ব্যক্তি বলতে যুক্তরাষ্ট্রের একজন নাগরিক বা যুক্তরাষ্ট্রে বসবাসকারী ব্যক্তি (যুক্তরাষ্ট্রের বাইরে বসবাসকারী যুক্তরাষ্ট্রের একজন স্থায়ী বাসিন্দাও এর অন্তর্ভুক্ত), যুক্তরাষ্ট্রের অংশীদারি প্রতিষ্ঠান এবং এমন কোন ট্রাস্ট যা যুক্তরাষ্ট্রের এক বা একাধিক ব্যক্তি কর্তৃক নিয়ন্ত্রিত এবং যা যুক্তরাষ্ট্রের আদালতের তদারকির আওতাভুক্ত।

- যেখানেই ব্যবহৃত হোক "রাইডার" শব্দটি বলতে যে কোনো সম্পূরক চুক্তি(সমূহ)কে বোঝাবে এবং অন্তর্ভুক্ত করবে, যা মূল পলিসির সাথে সংযুক্ত। রাইডার স্বতন্ত্র কোন পণ্য নয় এবং এটি সক্রিয় করতে একটি মূল পলিসির (মূল পলিসির তথ্য/তালিকা মেটলাইফ ফিনান্সিয়াল অ্যাসোসিয়েট(দের) কাছে পাওয়া যাবে এবং আবশ্যিক মূল পলিসি (সমূহ) মেটলাইফ কর্তৃক নির্ধারিত হবে) প্রয়োজন হয়। মূল পলিসির সাথে সংযুক্ত রাইডার (যদি থাকে), মূল পলিসির এবং/অথবা রাইডার শেষ হওয়ার তারিখ বা প্রিমিয়াম প্রদানের মেয়াদের শেষে, যেটি আগে হয়, স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

AWARDED
Superbrands
BANGLADESH'S CHOICE
2023-24

# মেটলাইফ

MetLife, Inc. (NYSE: MET), এর অঙ্গ প্রতিষ্ঠান এবং সহযোগী প্রতিষ্ঠান ("MetLife") এর সমন্বয়ে বিশ্বের অন্যতম একটি আর্থিক সেবা প্রদানকারী কোম্পানি যা তার ব্যক্তি এবং প্রাতিষ্ঠানিক গ্রাহকদের বীমা, অ্যানুইটি, গ্রুপ বীমা ও সম্পদ ব্যবস্থাপনা সেবা প্রদানের মাধ্যমে পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে সাহায্য করে। ১৮৬৮ সালে প্রতিষ্ঠিত মেটলাইফ বিশ্বের ৪০ টিরও বেশি দেশে কার্যক্রম পরিচালনা করছে এবং যুক্তরাষ্ট্র, জাপান, লাতিন আমেরিকা, এশিয়া, ইউরোপ ও মধ্যপ্রাচ্যের বাজারে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে। আরো তথ্যের জন্য, www.metlife.com দেখুন।

বাংলাদেশে মেটলাইফ ১৯৯৭ সাল থেকে শীর্ষস্থানীয় জীবনবীমাকারী। কোম্পানিটি বাংলাদেশে ১০ লাখেরও বেশি স্বতন্ত্র গ্রাহক এবং ৮০০-র ও বেশি প্রাতিষ্ঠানিক গ্রাহককে সেবা প্রদান করে চলেছে।

মেটলাইফ বাংলাদেশের জনগণকে উদ্ভাবনীমূলক, গ্রাহক কেন্দ্রিক পণ্য, যেমন: ব্যক্তিগত ও গোষ্ঠী জীবনবীমা, পেনশন স্কিম, শিশুদের জন্য শিক্ষা বীমা, শরীয়াহ ভিত্তিক (তাকাফুল) বীমা স্কিম এবং দুর্ঘটনা ও স্বাস্থ্য বীমা পণ্যের মাধ্যমে আর্থিক সুরক্ষা প্রদান করে। এই সমাধানগুলি গ্রাহকদের ক্রমবর্ধমান চাহিদা অনুসারে ডিজাইন করা হয়েছে।

নেতৃস্থানীয় জীবনবীমা কোম্পানি হিসেবে মেটলাইফ দেশের বীমা খাত, অর্থনীতি এবং সম্প্রদায়ে ইতিবাচকভাবে অবদান রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। মেটলাইফ বাংলাদেশের অন্যতম বৃহৎ কর প্রদানকারী প্রতিষ্ঠান এবং সর্বোচ্চ 'AAA' ক্রেডিট রেটিং অর্জনকারী প্রতিষ্ঠান।


**হটলাইন: ১৬৩৪৪ অথবা ০৯৬৬৬৭১৬৩৪৪**

**ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৮৬৮২**

**www.metlife.com.bd**

**american.life@metlife.com.bd**

আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী, মেটলাইফ বিল্ডিং, ১৮-২০ মতিঝিল বা/এ, পি.ও বক্স ৯, ঢাকা-১০০০, বাংলাদেশ।


আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী যুক্তরাষ্ট্রে লিমিটেড কোম্পানি হিসেবে নিগমিত।

মেটলাইফের সকল আপডেট পেতে এই মাধ্যমগুলিতেও আমাদের সাথে থাকুন :


AS 2023/03/001/MDPS/JP-20,000